



আজ শেষ হচ্ছে ত্রয়োদশ সংসদ নির্বাচনের মনোনয়ন দাখিল



সংগৃহীত ছবি

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশ নিতে আজ শেষবারের মতো মনোনয়নপত্র সংগ্রহ ও জমা দেওয়ার সুযোগ পাচ্ছেন প্রার্থীরা। দেশের বিভিন্ন জেলায় দিনভর মনোনয়ন দাখিল করেছেন বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা। নির্বাচন কমিশনের তথ্যমতে, এ পর্যন্ত প্রায় তিন হাজার প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, সারাদেশে এখন পর্যন্ত প্রায় তিন হাজার প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেছেন। মনোনয়ন দাখিলের সময় প্রার্থীরা সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানের প্রত্যাশা ব্যক্ত করেন।

ইসি কর্মকর্তারা জানান, ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ২০ জানুয়ারি পর্যন্ত প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ থাকবে। নির্ধারিত সময় শেষে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। কোনো আসনে একই রাজনৈতিক দল থেকে একাধিক প্রার্থী মনোনয়ন জমা দিলে, দলীয় সিদ্ধান্ত অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে একজনকে চূড়ান্ত করতে হবে।

LENS ASIA